

আইস মার্শাল মোঃ মফিজুর রহমান

ডায়েরী নম্বরঃ ৫২৭

তারিখঃ ৮/১০/২০২০

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
প্রশাসন বিভাগ, শাখা-২ (শুজ্বলা)
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
www.caab.gov.bd

Acco/2020
মফিজুর রহমান
১১/১০/২০২০



স্মি নং-৩০.৩১.০০০০.২০১.৫৩.০০৭.১৭(অংশ-১)- ২৭৬২

তারিখঃ ০৭ ১০-২০২০ খ্রিঃ।

অভিযোগনামা

বিষয় : জনাব মোঃ শহীদুল্লাহমান, নির্বাহী প্রকৌশলী (সিভিল) এর বিরুদ্ধে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর ৩৯ (খ) প্রবিধির আওতায় 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং-২৪৮/২০২০ দায়ের।

যেহেতু, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল সার্কেলের আওতাধীন সিভিল বিভাগ-২ এ কর্মরত আপনি, জনাব মোঃ শহীদুল্লাহমান, নির্বাহী প্রকৌশলী (সিভিল) যুক্তরাষ্ট্র গমনের জন্য ৬০ (ষাট) দিনের বহিঃবাংলাদেশ (অর্জিত) ছুটির আবেদনের প্রেক্ষিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের স্মারক নং-৩০.০০.০০০০.০১৩.২৫.০০২.১৭.১৭২ তারিখ-২৪/১২/২০১৯ মূলে ২১ (একুশ) দিনের বহিঃবাংলাদেশ (অর্জিত) ছুটি অনুমোদন প্রাপ্ত হয়ে ২৯/১২/২০১৯ তারিখ যুক্তরাষ্ট্র গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তন করেননি;

যেহেতু, আপনি অনুমোদিত ছুটি শেষ হওয়ার পরে ১৯/০১/২০২০ তারিখ হতে ৩০/০১/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে যুক্তরাষ্ট্রে অবস্থান করে ০১/০২/২০২০ খ্রিঃ তারিখে দেশে প্রত্যাবর্তন করেন এবং অনুমোদিত ছুটির ধারাবাহিকতায় অতিরিক্ত অবস্থানকালকে ভূতাপেক্ষভাবে বহিঃবাংলাদেশ (অর্জিত) ছুটি মঞ্জুরের জন্য আবেদন করেন;

যেহেতু, ছুটির প্রজ্ঞাপনে বর্ণিত ৩০ শর্তানুযায়ী নির্ধারিত মেয়াদের অতিরিক্ত সময় বিদেশে অবস্থানের অনুমোদন না থাকা সত্ত্বেও আপনি যুক্তরাষ্ট্রে অতিরিক্ত সময় অবস্থান করেন;

যেহেতু, আপনার এহেন কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর প্রবিধি ৩৯ (খ) মোতাবেক 'অসদাচরণ'-এর সংজ্ঞায়িত অপরাধ;

সেহেতু, আপনার বিরুদ্ধে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর প্রবিধি ৩৯ (খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ আনয়ন করা হ'ল।

বর্ণিত অভিযোগ হেতু কেন আপনাকে উক্ত প্রবিধানমালার ৪০(১)(খ)(দে) প্রবিধি মোতাবেক চাকুরি হতে 'বরখাস্ত' করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি)-এর কর্মচারি চাকুরি প্রবিধানমালার ৪৩(১)(ক) প্রবিধি মোতাবেক অভিযোগ বিবরণীর এক কপি এতদসঙ্গে সংযুক্ত করা হ'ল।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

(এয়ার ভাইস মার্শাল মোঃ মফিজুর রহমান)
বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোনঃ ৮৯০১৪০০

জনাব মোঃ শহীদুল্লাহমান
নির্বাহী প্রকৌশলী (সিভিল)
সিভিল বিভাগ-২, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।

অনুলিপি:

- ১। সদস্য (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। পরিচালক (অর্থ)/পরিচালক (যোগাযোগ) (ওয়েবসাইটে প্রকাশের জন্য), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল সার্কেল, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৫। নির্বাহী প্রকৌশলী, সিভিল বিভাগ-২, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৬। চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

অনুলিপি: (বাহির)

- ১। সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, ১০০০।

(এয়ার ভাইস মার্শাল মোঃ মফিজুর রহমান)
বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
প্রশাসন বিভাগ, শাখা-২ (শৃঙ্খলা)
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
www.caab.gov.bd



অভিযোগ বিবরণী

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল সার্কেলের আওতাধীন সিভিল বিভাগ-২ এ কর্মরত জনাব মোঃ শহীদুল্লাহমান, নির্বাহী প্রকৌশলী (সিভিল) যুক্তরাষ্ট্র গমনের জন্য ৬০ (ষাট) দিনের বহিঃবাংলাদেশ (অর্জিত) ছুটির আবেদনের প্রেক্ষিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের স্মারক নং-৩০.০০.০০০০.০১৩.২৫.০০২.১৭.১৭২ তারিখ-২৪/১২/২০১৯ মূলে ২১ (একুশ) দিনের বহিঃবাংলাদেশ (অর্জিত) ছুটি অনুমোদন প্রাপ্ত হয়ে ২৯/১২/২০১৯ তারিখ যুক্তরাষ্ট্র গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তন করেননি। অনুমোদিত ছুটি শেষ হওয়ার পরে ১৯/০১/২০২০ তারিখ হতে ৩০/০১/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ (বার) দিন অননুমোদিতভাবে যুক্তরাষ্ট্রে অবস্থান করে ০১/০২/২০২০ খ্রিঃ তারিখ দেশে প্রত্যাবর্তন করেন এবং অনুমোদিত ছুটির ধারাবাহিকতায় অতিরিক্ত অবস্থানকালকে ভূতাপেক্ষভাবে বহিঃবাংলাদেশ (অর্জিত) ছুটি মঞ্জুরের জন্য আবেদন করেন। ছুটির প্রজ্ঞাপনে বর্ণিত ৩নং শর্তানুযায়ী নির্ধারিত মেয়াদের অতিরিক্ত সময় বিদেশে অবস্থানের অনুমোদন না থাকা সত্ত্বেও তিনি যুক্তরাষ্ট্রে অতিরিক্ত সময় অবস্থান করেন।

ভার এহেন কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর প্রবিধি ৩৯ (খ) মোতাবেক 'অসদাচরণ'-এর সংজ্ঞায়িত অপরাধ।

(এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান)
বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোনঃ ৮৯০১৪০০